

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)
প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.০১৪.২০.০০০১.২৫- ০৪

তারিখ: ২৩/০২/২০২৬ খ্রি.

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচন কমিটি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের আওতায় দুস্থ, অসহায়, বিধবা, তালাকপ্রাপ্ত ও দরিদ্র সুবিধাবঞ্চিত নারীদের প্রশিক্ষিত করা হবে। সে লক্ষ্যে নিম্নে উল্লিখিত বাছাই/নির্বাচনের নীতিমালা অনুযায়ী প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচন করা প্রয়োজন। নিম্নে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচন কমিটি এবং তাদের কর্মপরিধি উল্লেখ করা হলো।

উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচন কমিটি

ক্র: নং	কমিটির সদস্যদের পদবী	কমিটির পদবী
০১।	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
০২।	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান	সদস্য
০৩।	উপজেলা সমাজ সেবা অফিসার	সদস্য
০৪।	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য
০৫।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য সচিব

কমিটির কর্মপরিধি:

- ১। প্রকল্পের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী বাছাই/নির্বাচন করণ।
- ২। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম তদারকি।

প্রশিক্ষণার্থী নির্বাচনের নীতিমালা:

- ১। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের জন্য আবেদনকারীর স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যেকোন শিক্ষাগত যোগ্যতার দরিদ্র, সুবিধা বঞ্চিত মহিলা হবে।
- ২। বিধবা, তালাক প্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৩। আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ থেকে ৪০ বছর হতে হবে।
- ৪। একবার যে কোন ট্রেডের প্রশিক্ষণ গ্রহণ করলে পরবর্তীতে অত্র প্রকল্প হতে অন্য কোন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। এই রকম কোন প্রশিক্ষণার্থী শনাক্ত হলে যেকোন সময় প্রকল্প পরিচালক উক্ত প্রশিক্ষণার্থীকে বাতিল করতে পারবেন। সেক্ষেত্রে উক্ত বাতিলকৃত প্রশিক্ষণার্থী কোন প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন না।
- ৫। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র থাকতে হবে। জন্ম নিবন্ধন দিয়ে আবেদন করলে আবেদন গ্রহণ যোগ্য হবে না।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)
উপজেলা:----- জেলা:-----

মাহবুবা আক্তার
২৬/০২/২৬
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)
প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।